

পরীক্ষা

এইচএসসি পরীক্ষার আসনবিন্যাস প্রকাশ

নিজস্ব প্রতিবেদক ঢাকা



দীর্ঘদিন আটকে থাকার পর চলতি বছরের উচ্চমাধ্যমিক সার্টিফিকেট (এইচএসসি) পরীক্ষা ৬ নভেম্বর শুরু হবে ফাইল ছবি

চলতি বছরের উচ্চমাধ্যমিক সার্টিফিকেট (এইচএসসি) পরীক্ষার রুটিন প্রকাশ করেছে ঢাকা মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড। দীর্ঘদিন আটকে থাকার পর আগামী ৬ নভেম্বর থেকে সারা দেশে শুরু হবে উচ্চমাধ্যমিক সার্টিফিকেট পরীক্ষা। ঢাকা বোর্ডের যেসব কেন্দ্রে এবার এইচএসসি পরীক্ষা হবে, সেসব কেন্দ্রের তালিকা ও আসনবিন্যাস প্রকাশ করা হয়েছে।

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ডের ওয়েবসাইটে পৃথক দুটি বিজ্ঞপ্তিতে রুটিন ও আসনবিন্যাস প্রকাশ করা হয়েছে।

বিজ্ঞাপন

সাধারণত বছরের এপ্রিল মাসে শুরু হয় এইচএসসি ও সমমানের পরীক্ষা। কিন্তু করোনা সংক্রমণের কারণে আড়াই বছর

ও এইচএসসির মতো পাবলিক পরীক্ষা আরও পিছিয়েছে। এর মধ্যেই ১৫ সেপ্টেম্বর শুরু হবে এসএসসি ও সমমানের পরীক্ষা।

বিজ্ঞপ্তিতে বলা হয়, কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তা সংশ্লিষ্ট কলেজের অধ্যক্ষের কাছ থেকে কেন্দ্র ফির টাকা গ্রহণ করে গোপনীয় কাগজপত্র জেলা প্রশাসকের মাধ্যমে, সাদা উত্তরপত্র অন্যান্য কাগজপত্র ঢাকা শিক্ষা বোর্ড থেকে সংগ্রহ করে পরীক্ষা পরিচালনা করবেন। প্রতিদিন পরীক্ষা শেষে সন্ধ্যা ৭টার মধ্যে ডাকযোগে ওএমআরের প্রথম অংশ ঢাকা শিক্ষা বোর্ড কম্পিউটার কেন্দ্রে এবং উত্তরপত্রসমূহ পরীক্ষা পরিচালনা নীতিমালা মোতাবেক পরীক্ষা নিয়ন্ত্রক বরাবর পাঠাতে হবে।

বিজ্ঞপ্তিতে আরও বলা হয়েছে, ভেন্যু কেন্দ্রসমূহ মূল কেন্দ্র থেকে টাকা ও প্রয়োজনীয় কাগজপত্র গ্রহণ করে পরীক্ষা পরিচালনা করবেন এবং পরীক্ষা শেষে এ-সংক্রান্ত যাবতীয় কাগজপত্র মূল কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তার নিকট জমা দেবেন। জেলা সদরে জেলা প্রশাসক এবং উপজেলায় উপজেলা নির্বাহী অফিসার পরীক্ষাকেন্দ্রের তত্ত্বাবধায়ক কর্মকর্তা হিসেবে দায়িত্ব পালন করবেন। এইচএসসি পরীক্ষাকেন্দ্র হিসেবে নির্বাচিত কলেজের অধ্যক্ষ, ভারপ্রাপ্ত অধ্যক্ষ বা স্কুল অ্যান্ড কলেজের ভারপ্রাপ্ত কর্মকর্তা হবেন অধ্যক্ষ, ভারপ্রাপ্ত অধ্যক্ষ বা কলেজের সিনিয়র কোনো অধ্যাপক।

এবারের সূচি অনুযায়ী, তত্ত্বাবধায়ক পরীক্ষা শেষ হবে আগামী ১৩ ডিসেম্বরে। আর ১৫ ডিসেম্বর শুরু হবে ব্যবহারিক পরীক্ষা। এদিকে বন্যা পরিস্থিতির কারণে পেছানো চলতি বছরের মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি) ও সমমানের পরীক্ষা ১৫ সেপ্টেম্বর থেকে শুরু হচ্ছে।

* এইচএসসির রঞ্জিন, [কেন্দ্র তালিকা](#) ও আসনবিন্যাস দেখতে ক্লিক করুন এখানে।



 prothomalo.com

সম্পাদক ও প্রকাশক : মতিউর রহমান
স্বত্ত্ব © ২০২২ প্রথম আলো